



বিআইজিএম গবেষণা নীতি ও কৌশল ২০২৪

বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স অ্যান্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম)


Dr. Krishna Gayer
Sr. Research Fellow
Bangladesh Institute of
Governance & Management


১


Dr. Mohammad Tareque
Director
Bangladesh Institute of
Governance and Management (BIGM)



Dr. Krishna Gayen
Sr. Research Fellow
Bangladesh Institute of
Governance & Management

~



Dr. Mohammad Tareque
Director
Bangladesh Institute of
Governance and Management (BIGM)

সূচীপত্র

১.০ ভূমিকা (Introduction).....	৫
২.০ সংজ্ঞা (Definition).....	৫
৩.০ গবেষণা নীতি ও কৌশল (Research Policy and Strategy).....	৬
৩.১ গবেষণার প্রকারভেদ (Types of Research).....	৬
(ক) প্রাথমিক গবেষণা (Primary Research):.....	৬
(খ) মাধ্যমিক পর্যায়ের গবেষণা (Secondary Research):.....	৬
৩.২ গবেষণা পদ্ধতি (Research Method).....	৬
(ক) পরিমাণগত গবেষণা (Quantitative Research):.....	৬
(খ) গুণগত গবেষণা (Qualitative Research):.....	৬
(গ) মিশ্র গবেষণা (Mixed Research):.....	৬
৩.৩ গবেষণা ক্ষেত্র (Research Area).....	৭
৩.৪ গবেষণা প্রস্তাব নির্বাচন পদ্ধতি (Research Proposal Selection Method).....	৭
(ক) প্রাথমিক গবেষণা (Primary Research).....	৭
(খ) মাধ্যমিক পর্যায়ের গবেষণা (Secondary Research).....	৭
৩.৫ গবেষণা পরিকল্পনা (Research Planning).....	৭
৩.৬ গবেষণা প্রস্তাবের কাঠামো (Structure of Research Proposal).....	৮
৩.৭ গবেষণার মেয়াদ (Duration of Research).....	৮
৩.৮ গবেষণা ব্যবস্থাপনা (Research Management).....	৮
৩.৯ অনুদানপ্রাপ্ত/যৌথ গবেষণা (Sponsored/Collaborative Research).....	৮
৩.১০ গবেষকের কার্যপরিধি (Scope of Work of the Researcher).....	৯
৩.১১ গবেষণা নৈতিকতা (Research Ethics):.....	৯
৩.১২ গবেষণা সক্ষমতা বৃদ্ধি (Research Capability Enhancement).....	৯
৩.১৩ গবেষণা সম্মানী/ভাতা (Research Honorarium).....	১০
৩.১৪ গবেষণাপত্র প্রকাশ এবং ফলাফল প্রচার (Research Paper Publication and Dissemination of Findings).....	১০
৩.১৫ মেধাস্বত্ব (Intellectual Property Rights).....	১১
৩.১৬ পরিবীক্ষণ ও মূল্যায়ন (Monitoring and Evaluation).....	১১
৪.০ অনলাইন গবেষণা প্ল্যাটফর্ম - ReForm.....	১১
৫.০ জ্ঞান ও উপাত্ত ব্যবস্থাপনা (Knowledge and Data Management).....	১২
৬.০ গবেষণায় প্রশিক্ষণ সহায়তা (Training Support for Research Activities).....	১২
৭.০ গবেষণা পুরস্কার (Research Awards).....	১২
৮.০ সাপ্তাহিক সেমিনার গাইডলাইন (Weekly Seminar Guideline).....	১২
৯.০ পলিসি পেপার (Policy Paper).....	১৩
১০.০ স্নাতকোত্তর শ্রেণীর শিক্ষার্থীদের গবেষণা কর্ম (Research Works of Masters' Students).....	১৩
১১.০ নীতির ইংরেজী পাঠ (English Version of the Policy).....	১৩
১২.০ গবেষণা নীতির পরিবর্তন ও সংশোধন (Changes and Amendments to Research Policies).....	১৩
পরিশিষ্ট-ক.....	১৪
পরিশিষ্ট-খ.....	১৫
পরিশিষ্ট-গ.....	১৭


Dr. Krishna Gayen
Sr. Research Fellow
Bangladesh Institute of
Governance & Management


Dr. Mohammad Tareque
Director
Bangladesh Institute of
Governance and Management (BIGM)

বিআইজিএম গবেষণা নীতি ও কৌশল ২০২৪

১.০ ভূমিকা (Introduction)

১.১ বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স অ্যান্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম)- এর ট্রাস্ট দলিলের (Trust Deed) ধারা ৩-এর xvi, xvii ও xxi উপধারায় জনপ্রশাসন এবং উন্নয়ন বিষয়ে গবেষণা পরিচালনা, সামাজিক 'থিংক ট্যাংক' হিসেবে ভূমিকা পালন এবং জাতীয় ও আন্তর্জাতিক বিষয়ে সরকারকে নীতি উপকরণ (policy inputs) সরবরাহ করার কথা উল্লেখ রয়েছে। দেশের উচ্চ পর্যায়ের নীতি নির্ধারকগণও জাতীয় উন্নয়ন প্রক্রিয়ায় গবেষণাকে সবিশেষ গুরুত্ব প্রদান করছেন। এসবের আলোকে বিআইজিএম -এর গবেষণা কার্যক্রম পরিচালনার অন্যতম উদ্দেশ্য হলো দেশে নীতি বিষয়ক গবেষণা পরিচালনার পরিবেশ গড়ে তোলা এবং ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন ও ২০৪১ সাল নাগাদ উন্নত দেশে রূপান্তরিত হওয়ার প্রক্রিয়ায় সরকারকে প্রমাণভিত্তিক নীতি প্রণয়নে (Evidence-Based Policy Formulation) সহায়তা করা।

১.২ বিআইজিএম বিজ্ঞানসম্মতভাবে গবেষণা কার্যক্রম পরিচালনা করে এবং গবেষণালব্ধ ফলাফল সরকারের নীতিনির্ধারণী পর্যায়সহ অংশীজনদের (stakeholders) নিয়মিতভাবে সরবরাহ করে থাকে। ইতোমধ্যে সামষ্টিক অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, লোকপ্রশাসন, পরিবেশবিজ্ঞান, স্বাস্থ্য, মানব সম্পদ ও নারী উন্নয়ন, প্রাতিষ্ঠানিক উন্নয়ন, সুশাসন, উপাত্ত বিজ্ঞান ও জননীতি বিষয়ক উল্লেখযোগ্য সংখ্যক গবেষণা সম্পাদিত হয়েছে এবং জাতীয় অগ্রাধিকারভিত্তিতে বিভিন্ন বিষয়ে গবেষণা কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, দেশে ও বিদেশে গবেষণা কাজে নিয়োজিত বাংলাদেশের গবেষকদের একত্রিত করা এবং তাঁদের মাঝে আন্তঃযোগাযোগ প্রতিষ্ঠার মাধ্যমে গবেষণা সহযোগিতার ক্ষেত্র সম্প্রসারণ ও সমন্বয়যোগী সহায়তা প্রদানের উদ্দেশ্যে একটি অনলাইন গবেষণা প্ল্যাটফর্ম 'ReForm' চালু করা হয়েছে। জাতীয় অগ্রাধিকার এবং বৈশ্বিক পরিমণ্ডলের দ্রুত পরিবর্তনশীল অবস্থা বিবেচনায় বিদ্যমান গবেষণা নীতিমালা ও কর্মকৌশল-২০১৯ সংশোধন করা হয়েছে। গবেষণা নীতির সর্বশেষ সংস্করণ "বিআইজিএম গবেষণা নীতি ও কৌশল ২০২৪" নামে অভিহিত হবে।

২.০ সংজ্ঞা (Definition)

- (ক) নীতি : "বিআইজিএম গবেষণা নীতি ও কৌশল ২০২৪"।
- (খ) গবেষণা : গবেষণা নীতি ও কৌশল ২০২৪ এর অনুচ্ছেদ ৩ অনুসরণ করে বিআইজিএম -এর গবেষকদের দ্বারা পরিচালিত গবেষণা।
- (গ) গবেষক : বিআইজিএম কর্তৃক নিয়োগপ্রাপ্ত এবং গবেষণা কাজে নিয়োজিত জনবল।
- (ঘ) প্রতিষ্ঠান : বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স অ্যান্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম)।
- (ঙ) গবেষণা উপদেষ্টা (Research Advisor) : পরিচালক, বিআইজিএম।
- (চ) বছর : অর্থ বছর, জুলাই-জুন।
- (ছ) বিষয়ভিত্তিক গবেষণা (Disciplinary) : জ্ঞানের সুনির্দিষ্ট কোন ক্ষেত্রে পরিচালিত গবেষণা।
- (জ) বহুমাত্রিক গবেষণা (Multidisciplinary) : জ্ঞানের বিভিন্ন ক্ষেত্রে পরিচালিত গবেষণা।

- (ঝ) আন্তঃবিদ্যা বিভাগীয় গবেষণা (Interdisciplinary) : জ্ঞানের বিভিন্ন শাখা ও কৌশলের সমন্বয় সাধনের মাধ্যমে সম্পাদিত গবেষণা পদ্ধতি।
- (ঞ) পরিবর্ত্যমাত্রিক গবেষণা (Transdisciplinary) : বহুবিধ ক্ষেত্রের গবেষক ও অংশীজনের (একাডেমিক ডিসিপ্লিন ও নন-একাডেমিক) অংশগ্রহণের মাধ্যমে/সমন্বয়ে সৃষ্ট একটি সামগ্রিক গবেষণা পদ্ধতি (holistic approach)।
- (ট) ReForm : বিআইজিএম প্রতিষ্ঠিত Online Research Platform।
- (ঠ) গবেষণা নৈতিকতা (Research Ethics) : গবেষণার মৌলিক নীতি/পদ্ধতির যথাযথ প্রয়োগ ও বিআইজিএম এর গবেষণা নীতি ও কৌশল অনুসরণ করে প্রত্যেক গবেষক গবেষণাকর্ম সম্পাদন করবেন। গবেষণা কাজে সম্পদের যথোপযুক্ত ব্যবহার, সকল প্রকার সহযোগিতা ও প্রাপ্তি স্বীকারপূর্বক বৈজ্ঞানিক অসদাচরণ হতে বিরত থেকে তথ্য/উপাত্ত ও গবেষণার ফলাফল/আউটপুটের কোনরূপ বিচ্যুতি না ঘটিয়ে সমাজ ও মানুষের প্রতি দায়বদ্ধতা রক্ষা করে গবেষণা কার্য পরিচালনা।
- (ড) অনুদানপ্রাপ্ত/যৌথ গবেষণা (Sponsored/ Collaborative Research) : প্রতিষ্ঠানের গবেষকগণ কর্তৃক বিভিন্ন মন্ত্রণালয়, সরকারি দপ্তর/সংস্থা, জাতীয় বা আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠান/শিক্ষা প্রতিষ্ঠানের গবেষণা সহায়তা/অনুদানে একক অথবা গবেষণা সহায়তাপ্রদানকারী প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে সম্পাদিত গবেষণা।

৩.০ গবেষণা নীতি ও কৌশল (Research Policy and Strategy)

বিআইজিএম এর সকল গবেষণা কার্যক্রম পরিশিষ্ট-ক -এ বর্ণিত শ্রেণীবিন্যাস এবং নিম্নে বিধৃত নীতি ও কৌশলের আলোকে পরিচালিত হবে :

৩.১ গবেষণার প্রকারভেদ (Types of Research)

বিআইজিএম নিম্নে বর্ণিত উভয় ধারার গবেষণা পরিচালনা করবে :

- (ক) প্রাথমিক গবেষণা (Primary Research): গবেষক/গবেষকগণের নিজস্ব তত্ত্বাবধানে সরাসরি পর্যায় হতে তথ্য/উপাত্ত সংগ্রহ (পর্যবেক্ষণ/সাক্ষাৎকার/দলগত আলোচনা/জরিপ ইত্যাদির মাধ্যমে) করার মাধ্যমে পরিচালিত গবেষণা;
- (খ) মাধ্যমিক পর্যায়ের গবেষণা (Secondary Research): বিভিন্ন নির্ভরযোগ্য উৎস হতে প্রাপ্ত তথ্য/উপাত্ত ব্যবহার করে পরিচালিত গবেষণা।

৩.২ গবেষণা পদ্ধতি (Research Method)

প্রাথমিক ও মাধ্যমিক উভয় ধারার গবেষণা পরিচালনায় নিম্নে বর্ণিত পদ্ধতিসমূহ অনুসরণযোগ্য হবে :

- (ক) পরিমাণগত গবেষণা (Quantitative Research): সংখ্যা বা পরিমাপবাচক তথ্য/উপাত্ত ব্যবহার করে পরিসংখ্যান সংক্রান্ত তত্ত্ব, পদ্ধতি ও কৌশল ব্যবহার করে পরিচালিত গবেষণা।
- (খ) গুণগত গবেষণা (Qualitative Research): পর্যবেক্ষণ, সাক্ষাৎকার, ফোকাস গ্রুপ আলোচনা, উন্মুক্ত, তবে সংখ্যাবাচক নয় (open ended non-numeric) এরূপ প্রশ্নপত্রের মাধ্যমে সংগৃহীত তথ্য/উপাত্ত (টেবুল্ট, ভিডিও/অডিও) ব্যবহার করে পরিচালিত গবেষণা।
- (গ) মিশ্র গবেষণা (Mixed Research): পরিমাণগত ও গুণগত গবেষণা পদ্ধতির সম্মিলিত/সমন্বিত ব্যবহারের মাধ্যমে পরিচালিত গবেষণা।

৩.৩ গবেষণা ক্ষেত্র (Research Area)

উপ-অনুচ্ছেদ ১.২ এ বর্ণিত ক্ষেত্রসমূহের পাশাপাশি জাতীয় ও প্রতিষ্ঠানের অগ্রাধিকার বিবেচনায় নতুন নতুন গবেষণার বিষয়/খাত সংযোজন করা হবে।

৩.৪ গবেষণা প্রস্তাব নির্বাচন পদ্ধতি (Research Proposal Selection Method)

গবেষণা প্রস্তাব নিম্নে বর্ণিত পদ্ধতিতে নির্বাচন করা হবেঃ

(ক) প্রাথমিক গবেষণা (Primary Research)

(১) প্রাথমিক গবেষণা প্রস্তাব বাছাই ও নির্বাচনে একটি “গবেষণা কমিটি (research committee)” থাকবে। কমিটির গঠন/প্রকৃতি হবে নিম্নরূপ:

(ক) এমডি, বোর্ড অব ট্রাস্টিজ এবং পরিচালক, বিআইজিএম	- সভাপতি
(খ) সহযোগী পরিচালক, বিআইজিএম	- সদস্য
(গ) বিআইজিএম-এর একজন অধ্যাপক/সহযোগী অধ্যাপক/সিনিয়র রিসার্চ ফেলো (১ জন)	- সদস্য
(ঘ) অনুবিভাগ প্রধান (গবেষণা)	- সদস্য
(ঙ) সংশ্লিষ্ট ক্ষেত্রের বিশেষজ্ঞ (দুই জন)	- বহিঃ সদস্য
(চ) রিসার্চ ফেলো/সহকারী অধ্যাপক (সম মর্যাদাসম্পন্ন)	- সদস্য সচিব

(২) প্রাথমিক গবেষণা প্রস্তাব বাছাই পর্বে ৭ (সাত) সদস্যবিশিষ্ট গবেষণা কমিটির মধ্যে ন্যূনতম একজন বহিঃসদস্যসহ মোট পাঁচ সদস্যের উপস্থিতি আবশ্যিক হবে। এই কমিটি গঠনপূর্বক একটি অফিস আদেশ জারি করতে হবে।

(৩) প্রাথমিক গবেষণা প্রস্তাব “গবেষণা কমিটি” সমীপে উপস্থাপনপূর্বক কমিটির মতামত ও সুপারিশের ভিত্তিতে তা চূড়ান্ত করা হবে।

(৪) গবেষণা প্রস্তাব “গবেষণা কমিটি”তে উপস্থাপনের পূর্বে সাপ্তাহিক অভ্যন্তরীণ সেমিনারে (weekly in-house seminar) উপস্থাপনপূর্বক সুপারিশ গ্রহণ করতে হবে।

(৫) গবেষণা কমিটিতে গবেষণা প্রস্তাবের উপর সম্মতি জ্ঞাপন অথবা পর্যবেক্ষণসহ পুনরায় উপস্থাপনের জন্য সুপারিশ করা হবে। সর্বোচ্চ ১৫ (পনেরো) দিনের মধ্যে সম্পন্ন করতে হবে।

(৬) সংশ্লিষ্ট সকলকে গবেষণা প্রস্তাবের গোপনীয়তা রক্ষা করতে হবে, যাতে অন্য কেউ গবেষণা প্রস্তাব/ধারণা ব্যবহার করতে না পারে।

(৭) সহযোগী পরিচালক, বিআইজিএম প্রয়োজন হলে সভাপতির প্রতিনিধিত্ব করতে পারবেন।

(খ) মাধ্যমিক পর্যায়ের গবেষণা (Secondary Research)

গবেষণা প্রস্তাব অভ্যন্তরীণ সাপ্তাহিক সেমিনারে উপস্থাপনপূর্বক সুপারিশের ভিত্তিতে গবেষণা উপদেষ্টার অনুমোদন গ্রহণ করতে হবে।

৩.৫ গবেষণা পরিকল্পনা (Research Planning)

(ক) অর্থ বছরের শুরুতে প্রতিষ্ঠানের নীতি, কৌশল ও জাতীয় চাহিদা বিবেচনায় এবং গবেষকদের বার্ষিক গবেষণা কাজের লক্ষ্য পূরণের জন্য জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে প্রত্যেক গবেষক/অনুষদ নিজস্ব গবেষণা (প্রাথমিক ও মাধ্যমিক) পরিকল্পনা প্রণয়ন করবেন।

(খ) গবেষণা অনুবিভাগ হতে সকল গবেষণা পরিকল্পনার ভিত্তিতে বার্ষিক গবেষণা পরিকল্পনার একটি চূড়ান্ত তালিকা প্রস্তুত করে গবেষণা উপদেষ্টাকে নিয়মিতভাবে অবহিত রাখতে হবে।

(গ) এক অর্থ বছরে সর্বোচ্চ ৩(তিন)টি প্রাথমিক গবেষণা প্রস্তাবের অনুমোদন দেওয়া হবে। গবেষণা অনুবিভাগ প্রতি বছর অন্তত একটি প্রাথমিক গবেষণা কাজ পরিচালনা করবে।

(ঘ) বার্ষিক গবেষণা পরিকল্পনার ভিত্তিতে ও গবেষকদের সক্ষমতা অনুযায়ী মাধ্যমিক গবেষণা সম্পাদিত হবে।


Dr. Krishna Gayen
Sr. Research Fellow
Bangladesh Institute of
Governance & Management


Dr. Mohammad Tareque
Director
Bangladesh Institute of
Governance and Management (BIGM)

(ঙ) জাতীয় গুরুত্ব বিবেচনায় অর্থ বছরের যে কোন সময়ে মাধ্যমিক গবেষণা কাজ গ্রহণ/পরিচালনা করা যাবে।

৩.৬ গবেষণা প্রস্তাবের কাঠামো (Structure of Research Proposal)

- (ক) প্রাথমিক/মাধ্যমিক, যে কোনো গবেষণার শুরুতেই একটি ধারণাপত্র (concept note) প্রস্তুত করতে হবে, যা' প্রাথমিক গবেষণা প্রস্তাব হিসেবে বিবেচিত হবে। ধারণাপত্রে গবেষণার উদ্দেশ্য, পদ্ধতি এবং জননীতি প্রণয়নে সম্ভাব্য প্রভাব সম্পর্কিত ধারণার উল্লেখ থাকতে হবে।
- (খ) ধারণাপত্র উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের পর গবেষণা প্রস্তাব প্রণয়ন করতে হবে, অর্থাৎ গবেষণা কমিটি/গবেষণা উপদেষ্টার অনুমোদনক্রমে গবেষণা প্রস্তাব প্রণীত হবে।
- (গ) প্রস্তাব পরিশিষ্ট-খ –এ বর্ণিত গবেষণা প্রস্তাব প্রণয়ন ধাপসমূহকে অন্তর্ভুক্ত করতে হবে এবং পূর্ণাঙ্গ প্রস্তাব ইংরেজি ভাষায় সুলিখিত হতে হবে।

৩.৭ গবেষণার মেয়াদ (Duration of Research)

গবেষণা/পর্যবেক্ষণ পরিধি (scope of study) বিবেচনায় গবেষণার মেয়াদ নির্ধারণপূর্বক মূল প্রস্তাব অনুমোদনকালে তা' অনুমোদিত হতে হবে। তবে উপযুক্ত কারণ সাপেক্ষে পরবর্তী সময়ে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে গবেষণার মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে।

৩.৮ গবেষণা ব্যবস্থাপনা (Research Management)

- (ক) গবেষণা উপদেষ্টার (research advisor) সরাসরি তত্ত্বাবধানে প্রতিষ্ঠানের সকল গবেষণা কার্যক্রম পরিচালিত হবে অথবা গবেষণা উপদেষ্টা কর্তব্যপ্রাপ্ত/দায়িত্বপ্রাপ্ত উপযুক্ত কোন অনুযায়ী সদস্য।
- (খ) প্রাথমিক গবেষণা প্রতিষ্ঠানের নিজস্ব অর্থায়নে সম্পাদিত হবে এবং এ' জন্য প্রতিবছর প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকবে। প্রয়োজন হলে মাধ্যমিক গবেষণা পরিচালনায় অর্থ সহায়তা দেওয়া হবে।
- (গ) পরিচালক, বিআইজিএম প্রাথমিক গবেষণা পরিচালনার জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ এবং ব্যয়ের অনুমোদন প্রদান করবেন।
- (ঘ) অতিরিক্ত পরিচালক (ব্যবস্থাপনা সেবা) প্রতিটি অনুমোদিত প্রাথমিক গবেষণা প্রস্তাবের অনুকূলে গবেষণা অনুবিভাগের যথাযথ অধিযাচনের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় প্রশাসনিক ও আর্থিক আদেশ জারি করবেন।
- (ঙ) প্রাথমিক গবেষণা কর্মের শুরুতে তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণ, জরিপের উদ্দেশ্যে প্রশ্নমালা প্রস্তুত ও মুদ্রণ, তথ্য সংগ্রহ, মাঠ পরিদর্শন, তথ্য/উপাত্ত যাচাই/বাছাইকরণ, বিশ্লেষণ ও প্রতিবেদন প্রণয়ন সংক্রান্ত সকল কার্যের পরিকল্পনাসহ প্রস্তুতি গ্রহণ করতে হবে। গবেষণা অনুবিভাগের উদ্যোগে এ সকল কার্য সম্পাদন করতে হবে।
- (চ) প্রাথমিক গবেষণার প্রধান গবেষক সকল ব্যয়ের একটি আর্থিক প্রতিবেদন (ভাউচারসহ) প্রতি অর্থবছরের মে মাসের মধ্যে পরিচালক বরাবর দাখিল করবেন।

৩.৯ অনুদানপ্রাপ্ত/যৌথ গবেষণা (Sponsored/Collaborative Research)

- (ক) বিআইজিএম নিজস্ব অর্থে পরিচালিত গবেষণার পাশাপাশি প্রতিষ্ঠানের নীতি ও আদর্শের সাথে সামঞ্জস্যপূর্ণ বিষয়াদির উপর অনুদানপ্রাপ্ত/যৌথ গবেষণা পরিচালনা করবে।
- (খ) গবেষণা কাজে যে কোন জাতীয়/আন্তর্জাতিক উৎস হতে উপযুক্ত জ্ঞান, দক্ষতা, তথ্য/উপাত্ত সহায়তাপ্রাপ্তিতে উৎসাহ প্রদান করা হবে। এ কাজে প্রয়োজনীয় যোগাযোগের ক্ষেত্র সম্প্রসারণ করতে হবে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হতে পারে।
- (গ) গবেষণা কাজে প্রাপ্ত মোট অনুদান সহায়তার (research fund/grant) ন্যূনতম ১০ (দশ) শতাংশ (%) ব্যবস্থাপনা ব্যয় (management cost) হিসেবে বিআইজিএম বরাবর প্রদেয় হবে।


Dr. Krishna Gayer
Sr. Research Fellow
Bangladesh Institute of
Governance & Management

৮


Dr. Mohammad Tareque
Director
Bangladesh Institute of
Governance and Management (BIGM)

৩.১০ গবেষকের কার্যপরিধি (Scope of Work of the Researcher)

- (ক) প্রতিষ্ঠানে নিয়মিতভাবে কর্মরত প্রত্যেক গবেষককে তাঁদের নিয়োগের শর্ত অনুযায়ী গবেষণা কাজে নিয়োজিত থাকতে হবে।
- (খ) প্রত্যেক গবেষককে উচ্চমান সম্পন্ন পিয়ার রিভিউড জার্নালে প্রকাশের উদ্দেশ্যে প্রতি বছরে ন্যূনপক্ষে ৩ (তিন) টি গবেষণা পত্র লিখতে হবে।
- (গ) প্রত্যেক গবেষক আবশ্যিকভাবে প্রতি বছর একটি প্রাথমিক গবেষণা কাজে প্রধান/সহ-গবেষক হিসেবে এবং দুইটি মাধ্যমিক গবেষণা কাজে প্রধান গবেষক অথবা নিয়োগের শর্ত অনুযায়ী কাজ করতে হবে।
- (ঘ) প্রাথমিক গবেষণার ক্ষেত্রে প্রতিষ্ঠানে কর্মরত গবেষকদের মধ্য হতে একজন প্রধান গবেষক (principal researcher) এবং অন্যান্য গবেষকদের মধ্য হতে একজন বা গবেষকদের একটি দল সহ-গবেষক হিসেবে কাজ করবেন।
- (ঙ) বিআইজিএম-এর কোন গবেষক/অনুষদ এককভাবে অথবা প্রতিষ্ঠানের অন্য গবেষকদের সাথে যৌথভাবে মাধ্যমিক গবেষণা সম্পাদন করতে পারবেন।
- (চ) কর্তৃপক্ষকে অবহিত রেখে এবং অনুমোদনক্রমে গবেষকগণ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানের গবেষক/অনুষদ অথবা কোন বিশেষজ্ঞ গবেষকের সাথে যৌথভাবে গবেষণা (প্রাথমিক/মাধ্যমিক) করতে পারবেন। তবে -
- (১) প্রাথমিক গবেষণার ক্ষেত্রে, যথাযথ কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন সাপেক্ষে বিআইজিএম- এর গবেষক প্রধান গবেষক হিসেবে কাজ পরিচালনা করবেন।
- (২) মাধ্যমিক গবেষণার ক্ষেত্রে, বিআইজিএম- এর গবেষক প্রধান/সহ-গবেষক হিসেবে কাজ পরিচালনা করতে পারবেন। তিনি প্রধান গবেষক হলে, গবেষণা প্রস্তাব/ধারণাপত্রটি বিআইজিএম-এর সাপ্তাহিক সেমিনারে উপস্থাপনপূর্বক প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ করতে হবে এবং প্রতিষ্ঠানের গবেষণা নীতি ও কৌশল প্রযোজ্য হবে।
- (৩) সহ-গবেষক হিসেবে কাজের ক্ষেত্রে, শুরুতেই সংশ্লিষ্ট গবেষক কর্তৃপক্ষকে পর্যবেক্ষণের শিরোনাম, গবেষণার ক্ষেত্র, সহ গবেষক/প্রতিষ্ঠানের নাম, সম্ভাব্য সময়কাল সম্পর্কে অবহিত রাখবেন।
- (ছ) বিআইজিএম-এর গবেষক/অনুষদগণকে শিক্ষাছুটিতে বিদেশে অবস্থানকালীন সময়ে ত্রৈমাসিক ভিত্তিতে তাঁদের গবেষণার অগ্রগতি সম্পর্কে কর্তৃপক্ষকে অবহিত রাখতে হবে।
- (জ) কর্তৃপক্ষের সম্মতিক্রমে গবেষকগণ বিভিন্ন ধরনের সরকারি, বেসরকারি এবং আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠানে প্রস্তাব পেশ করে “গবেষণা তহবিল” প্রাপ্তির জন্য প্রচেষ্টা নিতে পারবেন। এক্ষেত্রে দরদাতার পদ্ধতি অনুযায়ী গবেষণা প্রস্তাব প্রণয়ন করা যাবে।

৩.১১ গবেষণা নৈতিকতা (Research Ethics):

- (ক) গবেষকগণ নৈতিক ও সামাজিক মূল্যবোধ সমুন্নত রেখে গবেষণা কাজে নিয়োজিত থাকবেন।
- (খ) গবেষণা কাজের ধারণা গঠন পর্যায় (conceptual stage) হতে গবেষণালব্ধ ফলাফল জার্নালে প্রকাশিত হওয়ার প্রতিটি পর্যায়ে বুদ্ধিবৃত্তিক সততা ও নৈতিকতার (বিশেষ করে গবেষকের অবদান, উপাত্তের উৎস, উপাত্ত বিশ্লেষণ প্রক্রিয়া) সর্বোচ্চ মান অক্ষুণ্ণ রাখতে হবে।
- (গ) গবেষণা পত্র (research paper) তৈরিতে গবেষকদের জাল/ভুয়া তথ্য ব্যবহার, বিভ্রান্তিকর ফলাফল প্রকাশ এবং ভ্রান্ত ব্যাখ্যা প্রদান কিংবা যেকোনো ধরনের plagiarism হতে বিরত থাকতে হবে।
- (ঘ) গবেষকগণ গবেষণা পত্র (research paper) জার্নালে প্রকাশের জন্য প্রেরণ করার সময় যদি প্রয়োজন হয়, তাহলে অনুবিভাগ প্রধান (গবেষণা) এর নিকট হতে নৈতিকতার সনদপত্র (ethical certificate) সংগ্রহ করবেন।
- (ঙ) যৌথ (joint/collaborative) গবেষণা কাজে সহ গবেষক/প্রতিষ্ঠানের সাথে সর্বোত্তম সহযোগিতা, স্বীকৃতি ও কাজের সমন্বয় সাধন করে গবেষককে গবেষণাকাজ সম্পন্ন করতে হবে। এজন্য একটি ঘোষণাপত্র (declaration form) ব্যবহার করা যেতে পারে।

৩.১২ গবেষণা সক্ষমতা বৃদ্ধি (Research Capability Enhancement)

- (ক) গবেষকদের একাডেমিক জ্ঞানের পরিধি প্রসারের লক্ষ্যে দেশে/বিদেশে উচ্চ শিক্ষা (মাস্টার্স/এমফিল/পিএইচডি) গ্রহণে উৎসাহ ও সহায়তা


Dr. Krishna Gayer
Sr. Research Fellow
Bangladesh Institute of
Governance & Management


Dr. Mohammad Tareque
Director
Bangladesh Institute of
Governance and Management (BIGM)

প্রদান অব্যাহত রাখতে হবে।

- (খ) গবেষণার চাহিদা এবং দক্ষতাবৃদ্ধিকল্পে গবেষকগণ গবেষণা কাজে Big Data Analysis ও Machine Learning সহ উন্নত কলাকৌশলের (cutting-edge technology) ব্যবহার করতে সচেষ্ট হবেন। নিয়মিত অভ্যন্তরীণ প্রশিক্ষণ/আলোচনা/বিভিন্ন অধিবেশনে অংশগ্রহণ ও গবেষণা সহায়ক পরিবেশ সৃষ্টিতে উৎসাহ প্রদান করা হবে।
- (গ) প্রত্যেক গবেষক/অনুষদ সদস্য প্রতিষ্ঠানের বিদ্যমান আন্তঃক্রিয়াশীল/মিথস্ক্রিয়া শিক্ষার (interactive learning) পরিবেশকে উন্নত করার জন্য সচেষ্ট হতে হবে।

৩.১৩ গবেষণা সম্মানী/ভাতা (Research Honorarium)

- (ক) প্রাইমারি গবেষণালব্ধ ফলাফল/গবেষণাপত্র দেশের অভ্যন্তরে কোনো স্বীকৃত জার্নালে (BIDS, BIBM, and peer reviewed journals of different universities) প্রকাশিত হলে বিআইজিএম-এর গবেষক/গবেষকগণ এক মাসের মূল বেতন এবং বিদেশি কোনো স্বীকৃত জার্নালে প্রকাশিত হলে এককালীন দুই মাসের মূল বেতন সম্মানী হিসেবে পাবেন, যা একটি গবেষণার জন্য একবারই প্রদান করা হবে।
- (খ) প্রাথমিক গবেষণা কাজে অন্য কোনো প্রতিষ্ঠানের গবেষক সম্পৃক্ত থাকলে গবেষণা প্রস্তাবটি শুরুতেই “গবেষণা কমিটি” কর্তৃক অনুমোদিত হলে সংশ্লিষ্ট গবেষককে সম্মানী প্রদান করা যাবে। সম্মানী পূর্ব নির্ধারিত এবং গবেষণা প্রস্তাবের অনুমোদিত ব্যয়ে অন্তর্ভুক্ত থাকতে হবে।
- (গ) গবেষকগণ দেশে/বিদেশে বিভিন্ন সেমিনার/সম্মেলনে অংশগ্রহণের জন্য ভ্রমণ ভাতা পাবেন। একজন গবেষক প্রতি বছর বিদেশে সেমিনার/সম্মেলনে অংশগ্রহণের জন্য সর্বোচ্চ একবার অনুদান পাওয়ার যোগ্য হবেন।

৩.১৪ গবেষণাপত্র প্রকাশ এবং ফলাফল প্রচার (Research Paper Publication and Dissemination of Findings)

(ক) জার্নালে প্রকাশ (Publication in Journal)

- (১) প্রতিটি গবেষণা (প্রাথমিক/মাধ্যমিক) সম্পন্ন হওয়ার পর দ্রুত গবেষণাপত্র লেখা সম্পন্ন করে দেশি/বিদেশী ইন্ডেক্সড জার্নালে (Web of Science Indexed Journals) প্রকাশের উদ্যোগ গ্রহণ করতে হবে।
- (২) গবেষণা পত্র প্রকাশের জন্য জার্নালে প্রেরণ করার পূর্বে জার্নালের বিস্তারিত তথ্য যেমন-জার্নাল কোয়ার্টাইল (Q1, Q2, Q3, Q4/ABCD listed journal/Web of science indexing/Impact factor) উল্লেখপূর্বক অনুবিভাগ প্রধান (গবেষণা)-কে অবহিত রাখতে হবে।
- (৩) জার্নালে গবেষণাপত্র পাঠানোর পরে সেটি কোন পর্যায়ে আছে এ বিষয়ে সময় সময় কর্তৃপক্ষকে অবহিত রাখতে হবে।
- (৪) জার্নাল বা সেমিনারে গবেষণাপত্র প্রেরণ করা/জমা দেয়ার সময় উক্ত জার্নাল/সেমিনার আয়োজকদের মান/নির্ভরযোগ্যতার বিষয়ে সতর্ক থাকতে হবে।

(খ) ফলাফল সংজ্ঞাপন (Dissemination of Findings)

- (১) জননীতি প্রণয়নে গবেষণালব্ধ ফলাফল সংজ্ঞাপনের উদ্দেশ্যে ন্যূনতম ৫ (পাঁচটি) গবেষণাকর্ম সম্পন্ন হওয়ার পর উক্ত গবেষণাসমূহের উদ্দেশ্য, গবেষণা- পদ্ধতি, ফলাফল ও জননীতি সম্পর্কিত সুপারিশসহ তা উপযুক্ত মন্ত্রণালয়, দপ্তর, অধিদপ্তর এবং অন্যান্য অংশীজনদের নিকট প্রেরণ করতে হবে।
- (২) গবেষণাকাজ সম্পন্ন হওয়ার পরে সেটির সার-সংক্ষেপ জাতীয় দৈনিক পত্রিকার মতামত বিভাগে মতামত আকারে প্রকাশ করা যেতে পারে।
- (৩) গবেষকগণ জাতীয়/আন্তর্জাতিক পর্যায়ে সেমিনারে অংশগ্রহণের মাধ্যমে গবেষণা ফলাফল প্রচারে উদ্যোগী হবেন।
- (৪) জাতীয় ও আন্তর্জাতিক গুরুত্বপূর্ণ বিষয়ে গবেষকগণ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে দেশ ও বিদেশের দৈনিক পত্রিকায় মতামত প্রকাশ করতে পারবেন।
- (৫) প্রকাশিত গবেষণা পত্র ও মতামতের মধ্যে নির্বাচিত গবেষণা/মতামত বিআইজিএম-এর টুইটার, ফেসবুক, লিঙ্কডইন পেজ ও ReForm প্ল্যাটফর্ম থেকে সংজ্ঞাপন (disseminate) করতে হবে।

(গ) বিআইজিএম প্রকাশিত গবেষণা প্রকাশনা (Research Publication of BIGM)

- (১) গবেষক/অনুযদ সদস্যগণ যে সকল গবেষণা কাজে নিয়োজিত থাকবেন তার একটি পূর্ণাঙ্গ তালিকা “রিসার্চ ক্যাটালগ (research catalogue)” আকারে প্রতি বছর ডিসেম্বর মাসে প্রকাশিত হবে। এই ক্যাটালগে কোন গবেষণাকর্ম কোন পর্যায়ে আছে সে বিষয়ে উল্লেখ থাকবে। এছাড়া প্রতি তিন মাস অন্তর রিসার্চ আপডেট প্রস্তুত করতে হবে।
- (২) বিভিন্ন জার্নালে প্রকাশিত বিআইজিএম এর গবেষকদের গবেষণা পত্রের সংক্ষিপ্তসার (abstract) নিয়ে “রিসার্চ গ্লিম্পস (research glimpse)” শিরোনামে দ্বিবার্ষিকভাবে একটি প্রকাশনা সেপ্টেম্বর মাসে প্রকাশ করা হবে। প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইটসহ অনলাইন দাপ্তরিক প্ল্যাটফর্মসমূহে (Facebook, Twitter, LinkedIn) এ প্রকাশনা প্রদর্শিত হবে।
- (৩) “BIGM Journal of Policy Analysis” শিরোনামে নিয়মিতভাবে আন্তর্জাতিক মানসম্পন্ন একটি জার্নাল প্রকাশ করা হবে। জার্নাল প্রকাশের ক্ষেত্রে বিআইজিএম প্রকাশনা নীতি ২০২৪ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৩.১৫ মেধাস্বত্ব (Intellectual Property Rights)

- (ক) প্রতিষ্ঠানের আওতায় সম্পাদিত সকল গবেষণা কাজের স্বত্বাধিকারি হবে বিআইজিএম।
- (খ) অনুচ্ছেদ ৩.৯ (খ) ও ৩.১০ (ঙ, চ) অনুযায়ী কোন গবেষণার (প্রাথমিক/মাধ্যমিক) প্রধান গবেষক বিআইজিএম-এর গবেষকহলে উক্ত গবেষণা কাজে ব্যবহৃত/সংগৃহীত সকল তথ্য-উপাত্তসহ গবেষণাকর্মেরও স্বত্বাধিকারি হবে বিআইজিএম।

৩.১৬ পরিবীক্ষণ ও মূল্যায়ন (Monitoring and Evaluation)

- (ক) গবেষণা কাজের অগ্রগতি নিয়মিতভাবে তদারকি করতে হবে এবং কাজের অগ্রগতি প্রতিবেদন (ত্রৈ-মাসিক ও বার্ষিক) এবং জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত মতামতের তালিকা গবেষণা অনুবিভাগ নিয়মিতভাবে পরিচালক-বরাবর পেশ করবে।
- (খ) প্রতি বছর গবেষণা অনুবিভাগের উদ্যোগে গবেষক ও প্রতিষ্ঠানের সামগ্রিক গবেষণা সক্ষমতার মূল্যায়ন করতে হবে।

৪.০ অনলাইন গবেষণা প্ল্যাটফর্ম - ReForm

- (ক) দেশে ও বিদেশে কর্মরত বাংলাদেশের গবেষকদের একত্রিত করে জ্ঞানের আদান-প্রদান, গবেষণা সহায়তার সম্প্রসারণ ও দেশের উন্নয়নে সহায়তা করার উদ্দেশ্যে প্রতিষ্ঠিত অনলাইন গবেষণা প্ল্যাটফর্ম ReForm -এর ব্যাপক প্রচার ও প্রসারের উদ্যোগ অব্যাহত রাখতে হবে।
- (খ) অনলাইন প্ল্যাটফর্মকে প্রতিষ্ঠানের নিয়মিত গবেষণা কার্যক্রমের ন্যায় সমান গুরুত্ব দিয়ে পরিচালনা করতে হবে। দৈনন্দিন কার্যাদি পরিচালনার জন্য একটি ‘কোর টীম’ গঠন করতে হবে।
- (গ) ReForm-এ সক্রিয় থেকে দেশে ও বিদেশে গবেষণা নেটওয়ার্ক সম্প্রসারণ এবং ডেটা সায়েন্সসহ বিভিন্ন প্রায়োগিক বিষয়ে গবেষণা পরিচালনা ও গবেষণার ক্ষেত্র প্রসারে গবেষকদের বিশেষভাবে তৎপর হতে হবে।
- (ঘ) ReForm -কে অনলাইন গবেষণা পরিচালনা, উচ্চতর প্রশিক্ষণ ও Webinar আয়োজনের কার্যকর মাধ্যম হিসেবে প্রতিষ্ঠিত করার জন্য প্রয়োজনীয় গাইডলাইন প্রণয়ন করতে হবে।
- (ঙ) গবেষকগণ দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধিকল্পে ReForm প্ল্যাটফর্মের আওতায় দেশে-বিদেশে উচ্চতর শিক্ষা নেটওয়ার্ক ও প্রশিক্ষণে অংশগ্রহণের মাধ্যমে গবেষণা কাজে নতুন নতুন কৌশল ব্যবহারসহ চতুর্থ শিল্প বিপ্লব (4IR) এবং স্মার্ট (SMART) বাংলাদেশ বিনির্মাণ প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য নিজেদের প্রস্তুত করতে হবে।

৫.০ জ্ঞান ও উপাত্ত ব্যবস্থাপনা (Knowledge and Data Management)

- (ক) প্রাতিষ্ঠানিক লক্ষ্য ও উদ্দেশ্য অর্জন এবং জননীতি ও সামাজিক বুদ্ধিবৃত্তিক সম্পদের (social intellectual capital) উন্নয়নকল্পে প্রমাণ ভিত্তিক (Evidence Based) গবেষণা কাজে সহায়তা প্রদান এবং জ্ঞান ব্যবস্থাপনা (knowledge management) প্রক্রিয়া অব্যাহতভাবে রাখার জন্য সুপরিকল্পিত জ্ঞান ও উপাত্ত ব্যবস্থাপনা নীতি প্রনয়ণ করতে হবে।
- (খ) প্রতিষ্ঠানের আহরিত সকল জ্ঞান ও ব্যবহৃত তথ্য/উপাত্ত যথাযথভাবে সংরক্ষণ ও ভবিষ্যতের ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে জ্ঞানের সর্বোত্তম ব্যবহারের উদ্দেশ্যে একটি বহুমুখী তথ্যভাণ্ডার (Data Repository) প্রতিষ্ঠা করা হবে।
- (গ) গবেষণা কাজ (প্রাথমিক/মাধ্যমিক) সম্পন্ন হওয়া মাত্র গবেষণা কাজে ব্যবহৃত/সংগৃহীত সকল প্রকার তথ্য/সামষ্টিক ও ব্যাষ্টিক উপাত্ত (micro and macro data) যথাযথভাবে তথ্যভাণ্ডারে সংরক্ষণ করতে হবে।
- (ঘ) তথ্যভাণ্ডার বিআইজিএম-এর ওয়েবসাইটের অন্তর্ভুক্ত থাকবে এবং আইটি শাখার সহযোগিতায় এর রক্ষণাবেক্ষণ করা হবে এবং এটি পরিচালিত হবে।
- (ঙ) প্রকাশিত সকল গবেষণাপত্র (সফট/হার্ড কপি) লাইব্রেরিতে মেমো আকারে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

৬.০ গবেষণায় প্রশিক্ষণ সহায়তা (Training Support for Research Activities)

- (ক) নীতি গবেষণা কাজে উপযুক্ত পরিবেশ ও জনসম্পদ গড়ে তোলার উদ্দেশ্যে গবেষণা অনুবিভাগ পরিমাণগত ও পদ্ধতিগত (quantitative and methodological) বিভিন্ন প্রকার দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ কোর্স (Statistical/Computational/Data Analytics (STATA, R Python, এবং Machine Learning)/Research Methodology) নিয়মিতভাবে পরিচালনা ও তাদের সমন্বয়সাধন করবে, এবং সেই সাথে প্রশিক্ষণের চাহিদা নিরূপণ ও আধুনিকায়নের কাজ সম্পন্ন করবে। এ কাজে গবেষকগণ সক্রিয় ভূমিকা পালন করবেন।
- (খ) বার্ষিক প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুতপূর্বক প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।
- (গ) বছরের যেকোনো সময় চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য গবেষণা অনুবিভাগকে প্রস্তুত থাকতে হবে।
- (ঘ) শ্রেণীকক্ষ/অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহার করে বিভিন্ন প্রশিক্ষণ পরিচালনার পাশাপাশি নিয়মিতভাবে এর মূল্যায়ন ও যথার্থতা (evaluation and validation) যাচাই করতে হবে এবং প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে প্রশিক্ষণ কোর্সকে প্রয়োজনে নতুনভাবে বিন্যস্ত করতে হবে।

৭.০ গবেষণা পুরস্কার (Research Awards)

- (ক) গবেষণা অনুবিভাগের উদ্যোগে প্রতি বছর প্রতিষ্ঠানের গবেষকদের মধ্য হতে সেই বছরের সুনির্দিষ্ট নির্ণায়কের ভিত্তিতে একজন শ্রেষ্ঠ গবেষক (best researcher) নির্বাচন করে পুরস্কৃত করা যেতে পারে।
- (খ) শ্রেষ্ঠ গবেষক নির্বাচনের জন্য একটি তিন সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হবে।

৮.০ সাপ্তাহিক সেমিনার গাইডলাইন (Weekly Seminar Guideline)

গবেষণা প্রস্তাব/লব্ধ ফলাফল সাপ্তাহিক সেমিনারে উপস্থাপনের জন্য সেমিনার গাইডলাইন (পরিশিষ্ট-গ) অনুসরণ করতে হবে। গাইডলাইনটি গবেষণা নীতি ও কৌশলের অংশ হিসেবে বিবেচিত হবে।

৯.০ পলিসি পেপার (Policy Paper)

- (ক) 'Policy Analysis Course (PAC)' সহ বিভিন্ন স্বল্পমেয়াদী প্রশিক্ষণ কোর্সের আওতায় প্রস্তুত 'পলিসি পেপার' সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীগণ নিজ উদ্যোগে অথবা প্রতিষ্ঠানের যে কোন গবেষক-এর সহায়তায় "বিআইজিএম গবেষণা নীতি ও কৌশল, ২০১৪" অনুসরণপূর্বক গবেষণা পত্র আকারে প্রস্তুত করে প্রকাশের উদ্যোগ গ্রহণ করতে পারবেন।
- (খ) এছাড়া, বিভিন্ন স্বল্পমেয়াদী প্রশিক্ষণ কোর্সের আওতায় প্রস্তুত পলিসি পেপার হতে বিআইজিএম -এর গবেষকগণ তাঁদের গবেষণা আগ্রহের (research interest) ভিত্তিতে পেপার বাছাই করে, সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীর সম্মতিক্রমে প্রতিষ্ঠানের গবেষণা নীতি অনুসরণপূর্বক একক/যৌথভাবে পূর্ণাঙ্গ গবেষণা কাজ সম্পাদন করতে পারবেন।

১০.০ স্নাতকোত্তর শ্রেণীর শিক্ষার্থীদের গবেষণা কর্ম (Research Works of Masters' Students)

'মাস্টার্স ইন পাবলিক অ্যাফেয়ার্স' বিষয়ক কোর্সসমূহে অধ্যয়নরত শিক্ষার্থীদের 'টার্ম পেপার' অথবা 'থিসিস'-এর কাজ প্রতিষ্ঠানের গবেষণা নীতি এবং একাডেমিক নীতি অনুযায়ী পরিচালিত হবে।

১১.০ নীতির ইংরেজী পাঠ (English Version of the Policy)

গবেষণা নীতির একটি ইংরেজী পাঠ থাকবে। এই নীতির কোন প্রকার ব্যাখ্যা অথবা বাংলা ও ইংরেজী পাঠের মধ্যে অস্বচ্ছতা বা ব্যাখ্যার প্রয়োজন হলে সেক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাবে।


১২.০ গবেষণা নীতির পরিবর্তন ও সংশোধন (Changes and Amendments to Research Policies)

ব্যবহারিক প্রয়োজনে প্রতিষ্ঠানের উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে এ নীতি সময়ে সময়ে পরিবর্তন ও সংশোধন করা যাবে।


Dr. Krishna Gayer
Sr. Research Fellow
Bangladesh Institute of
Governance & Management


Dr. Mohammad Tareque
Director
Bangladesh Institute of
Governance and Management (BIGM)

বিআইজিএম পরিচালিত গবেষণার শ্রেণীবিন্যাস



সূত্রঃ Tress, Barbel, Gunther Tress, and Gary Fry. "Defining concepts and the process of knowledge production." Landsc. Res. Landsc. Plan. Asp. Integr. Educ. Appl 12 (2005): 13-26.

বিআইজিএম পরিচালিত গবেষণা প্রস্তাবের কাঠামো

- (১) **গবেষণা শিরোনাম (Title of the Research):** প্রতিটি গবেষণার একটি নাম থাকবে। গবেষণা শিরোনাম পাঠককে বিষয়বস্তু সম্পর্কে সহজে ধারণা পেতে সাহায্য করে। একাডেমিক গবেষণাপত্রের গুরুত্বপূর্ণ এ' অংশ মূলত গবেষণার মূল ধারণা/ধারণাসমূহের সংক্ষিপ্ততম রূপ।
- (২) **ভূমিকা (Introduction):** এ' অংশে গবেষণার বিষয়ে আলোচনা করা হয়। এর মধ্যে রয়েছে নির্দিষ্ট বিষয়ে ইতোমধ্যে সম্পাদিত গবেষণা, তত্ত্ব ও তথ্য/উপাত্তের ভিত্তিতে যা জানা আছে এবং যে বিষয়ে জানার প্রচেষ্টা নেয়া হবে/সমস্যার বর্ণনা (statement of the problem)/উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা সম্পর্কে যুক্তিপূর্ণ আলোচনা। এছাড়া, এ অংশে গবেষণা পত্রের সামগ্রিক কাঠামোর (structure) উল্লেখ থাকে।
- (৩) **গবেষণার প্রেরণা/যৌক্তিকতা (Motivation/Rational of the Study):** গবেষণার একটি গুরুত্বপূর্ণ অংশ, যা নির্দিষ্ট গবেষণা সম্পাদনের তাৎপর্য ও অনন্যতা প্রকাশ করে। সাহিত্য পর্যালোচনার ভিত্তিতে গবেষণার যৌক্তিকতা প্রতিষ্ঠিত করা হয়।
- (৪) **সাহিত্য পর্যালোচনা (Review of Literature):** কোন গবেষণা সম্পাদনের জন্য সংশ্লিষ্ট ক্ষেত্রে ইতোমধ্যে সম্পাদিত গবেষণা ও গবেষণা পদ্ধতি সম্পর্কে তথ্যসূত্রের উল্লেখসহ আলোচনা। সাহিত্য পর্যালোচনার মাধ্যমে গবেষণার বিষয়ের উপর যে সকল কাজ সম্পাদিত হয়েছে তা' চিহ্নিত করা এবং বিদ্যমান তত্ত্ব, ধারণা ও অনুমান (hypothesis) পর্যালোচনার মাধ্যমে গবেষণাটি পরিচালনার যৌক্তিকতা প্রতিষ্ঠিত করা হয়। সাম্প্রতিক সময়ে সম্পাদিত গবেষণার উল্লেখ থাকা পর্যালোচনাকে সমৃদ্ধ করে।
- (৫) **গবেষণা ঘাটতি (Research Gap):** সাহিত্য পর্যালোচনার ভিত্তিতে নিরূপিত গবেষণাক্ষেত্র, যে বিষয়ে গবেষণা হয়নি বা অতি সামান্যই জানা আছে এরূপ অনুদৃষ্টিত বিষয়। গবেষণা প্রস্তাব প্রণয়নে 'গবেষণা ঘাটতি' নিরূপণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজ, যা গবেষণার মূল ভিত্তি হিসেবে কাজ করে।
- (৬) **গবেষণার প্রশ্ন/উদ্দেশ্য/অনুমিত সিদ্ধান্ত গঠন (Research Questions/Objectives/Hypothesis of the Study):** গবেষণার বিষয় সম্পর্কিত বিবৃতি (statement), যা প্রশ্নের অবতারণা করে/গবেষণার মাধ্যমে যে সমস্যাসমূহের উদ্ঘাটন/কার্যকরণ অনুসন্ধানে প্রচেষ্টা নেয়া হয়/ প্রত্যাশিত ফলাফল সম্পর্কে ধারণা দেয়।
- (৭) **তাত্ত্বিক ও ধারণাগত কাঠামো (Theoretical/Conceptual Framework):** কোন গবেষণা কাজ সম্পাদনে অনুসৃত তাত্ত্বিক ও ধারণাগত ভিত্তি, যা' গবেষণা পরিচালনার গুরুত্বপূর্ণ দিক। তাত্ত্বিক কাঠামো হলো বিদ্যমান গবেষণা ফলাফলের উপর ভিত্তি করে গঠিত গবেষণা বিষয়ের তাত্ত্বিক ভিত্তি/কাঠামো। ধারণাগত কাঠামো হলো গবেষণার প্রত্যাশিত উপসংহার/ফলাফলের উদ্দেশ্যে প্রত্যয়ের (concept) চলকসমূহের (variables) মধ্যকার আন্তঃসম্পর্কের ম্যাপিং। তাত্ত্বিক ও ধারণাগত কাঠামো গবেষণা ফলাফল অধিক অর্থবোধক, গ্রহণযোগ্য ও সাধারণীকরণ নিশ্চিত করতে ভূমিকা রাখে।
- (৮) **অধ্যয়ন পদ্ধতি (Methodology of the Study):** গবেষণা সম্পাদনের জন্য একটি যৌক্তিক ও পদ্ধতিগত পরিকল্পনা, যা গবেষণা ফলাফলের যৌক্তিকতা ও যথার্থতা নির্ধারণের মাধ্যমে গবেষণার উদ্দেশ্য অর্জনে সহায়তা করে। গবেষণা প্রস্তাবের এ অংশে গবেষণা কাজে যে সকল তত্ত্ব ও নীতির ভিত্তিতে যে পদ্ধতি অনুসরণ করা হবে সে বিষয়ে বিশদ ব্যাখ্যাসহ তথ্য/উপাত্তের সম্ভাব্য উৎস/সংগ্রহ পদ্ধতির বর্ণনা ও বিশ্লেষণ পদ্ধতির বর্ণনা করা হয়।
- (৯) **প্রত্যাশিত ফলাফল (Expected Output/Findings):** কোন গবেষণা কাজ সম্পাদনের মাধ্যমে যে ফলাফল প্রত্যাশা করা হয়। প্রত্যাশিত ফলাফলের বর্ণনা প্রস্তাবিত গবেষণা কাজের যৌক্তিকতা/তাৎপর্য প্রতিষ্ঠায় সহায়ক ভূমিকা পালন করে।
- (১০) **জননীতি প্রণয়নে সম্পৃক্ততা (Relation with Public Policy Formulation):** জনগণের কল্যাণের জন্য রাষ্ট্র/সরকার বিভিন্ন বিষয়ে জননীতি গ্রহণ করে থাকে। যে কোন গবেষণালব্ধ ফলাফল সংশ্লিষ্ট ক্ষেত্রের জননীতি প্রণয়নে কী ভূমিকা রাখতে পারে এ বিষয়ে গবেষণা প্রস্তাবে উল্লেখ করা যেতে পারে।

- (১১) **কর্ম পরিকল্পনা (Action Plan/Gantt Chart):** নির্দিষ্ট সময়/মেয়াদে গবেষণা সম্পন্ন করার কর্ম পরিকল্পনা। গবেষণা প্রস্তাবে Gantt Chart কর্ম পরিকল্পনার অংশ হিসেবে সংযুক্ত করা আবশ্যিক।
- (১২) **সম্ভাব্য ব্যয় বিবরণী (Tentative Budget/Expected Cost Statement):** গবেষণার আওতায় বিভিন্ন কাজ সম্পাদনের জন্য কী পরিমাণ অর্থ প্রয়োজন তার বিবরণী। প্রাথমিক গবেষণা প্রস্তাবে ব্যয় বিবরণী অত্যাৱশ্যকীয়। সেকেন্ডারি গবেষণা প্রস্তাবনায় সম্ভাব্য ব্যয় বিবরণী প্রয়োজন হলে দেয়া যেতে পারে।
- (১৩) **গ্রন্থপঞ্জি/তথ্য নির্দেশিকা (Bibliography/References):** কোন গবেষণা নির্ভরযোগ্য ও প্রামাণিক করার জন্য গ্রন্থপঞ্জি/তথ্য নির্দেশিকা আবশ্যিক। গবেষণা প্রস্তাবের বিষয়ে পূর্বে কি কাজ হয়েছে এবং বিদ্যমান তত্ত্ব ও তথ্য সম্পর্কে অবহিত হওয়া প্রয়োজন। এ অংশে গবেষণা প্রস্তাবটি সম্পাদনে যে যে গ্রন্থপঞ্জি/তথ্য নির্দেশিকা ব্যবহার করা হয়েছে শুদসেগুলির উল্লেখ করতে হবে।


Dr. Krishna Gayer
Sr. Research Fellow
Bangladesh Institute of
Governance & Management


Dr. Mohammad Tareque
Director
Bangladesh Institute of
Governance and Management (BIGM)

BIGM Weekly In-House Seminar Guidelines 2024

1. Introduction:

The Bangladesh Institute of Governance and Management (BIGM) aims to be a premium knowledge hub of the country. Its vision is to establish itself as a center of excellence in education, training, and research on public policy. BIGM researches issues of public policy for governance and development and supports the relevant entities in establishing effective, transparent, and accountable public and private services in Bangladesh through research-driven policy initiatives. The research portfolio of BIGM is diversified in nature, with disciplinary, multidisciplinary, interdisciplinary, and transdisciplinary research approaches. The areas of research are diversified by addressing emerging issues in the national and international arena on a priority basis.

The Research Wing organizes an in-house weekly seminar every Wednesday, where researchers/faculty of BIGM present their research ideas and discuss and exchange views on recent economic and development issues. As per the **BIGM Research Policy and Strategy 2024**, at the very initial stage of developing any research proposal, it must be presented and recommended by the in-house weekly seminar before getting approval to conduct the research. Thus, guidelines are essential for conducting seminars effectively. Accordingly, a guideline titled “BIGM Weekly In-house Seminar Guidelines, 2022” has been prepared and established with the following objectives:

- (i) To share and disseminate new ideas for research or proposals for receiving expert insights of the researchers/faculty members who specialize and have expertise in different fields of knowledge/disciplines.
- (ii) To present ongoing research to update progress and seek suggestions/proper guidance about whether work is on the right track.
- (iii) To develop and enhance the presentation and communication skills of the researchers/faculty of BIGM.
- (iv) To share knowledge through different approaches of research and recent developments thereon.
- (v) To learn and keep BIGM members updated on the constantly evolving art of effective and efficient presentation.

2. Guidelines:

- (a) Original and breakthrough research/papers are encouraged to be presented. The lead researcher will present the paper that they have conducted.
- (b) The preliminary findings of ongoing research may be presented. Presentation on already accepted or published papers is discouraged.
- (c) One can share a new/cutting-edge method of analysis they have recently learned. Every researcher should have the intention to disseminate new methodologies of research.

- (d) Presentation should be brief and within the time limit, so insightful discussion can be conducted. Time for presentation should be limited to 30/40 minutes and the remaining session time (20/30 minutes approximately) will be allocated for open discussion.
- (e) A uniform format of presentation slides will be used. Contents of the presentation format will be as follows:
- (i) What is the Research Problem/Hypothesis/Question?
 - (ii) Why is the problem or research question important or why is it pertinent?
 - (iii) Review of literature (emphasis should be given on the latest work in the related field, mentioning about core paper/lead paper that has been followed).
 - (iv) Theoretical/Conceptual framework.
 - (v) Contribution of the study.
 - (vi) What sorts of data are used/will be used/required, data definition, and source(s) of data.
 - (vii) Methodology (Mathematical/Statistical/techniques or tools) used/proposed.
 - (viii) Initial findings/probable findings/study findings (establishing link with the research hypothesis/question).
 - (ix) Limitations of the study.
 - (x) Further research scope.
- (f) Some basic formatting features should be maintained in the presentation slides, such as the use of bullet points instead of full sentences, use of various tools to focus on a particular issue/point, providing slide numbers, visible font size (not less than 18 pt), etc.
- (g) Individuals may share seminal published work of renowned persons (op-eds/scientific documents, etc.) for a general/critical discussion in the areas of national/global importance (economic, policy related, governance, development, etc.)
- (h) Collaborative work is encouraged, where the first author is a BIGM researcher. Guest/collaborative researchers may be invited to attend the seminar as participants only.
- (i) Each researcher should present at least once every quarter.
- (j) The BIGM faculty/officials, apart from the research team, may also present their scholarly articles or findings in the in-house seminar.
- (k) Expected decorum from seminar participants:
- (i) Everyone should show respect for others, e.g., attack issues not persons.
 - (ii) Participants must request for or raise their hand for a turn to speak and be respectful, whether as a chair, a presenter or a participant.
 - (iii) The chair must be given the freedom to run the seminar according to their plan throughout the session.
 - (iv) Speakers are free to voice their own opinions with the permission of the chair.
 - (v) All members of the Research Wing are encouraged to participate in the discussion to provide value to the research.

3. This guideline will be treated as an integral part of the research policy of BIGM.


Dr. Krishna Gayer
 Sr. Research Fellow
 Bangladesh Institute of
 Governance & Management

১৮


Dr. Mohammad Tareque
 Director
 Bangladesh Institute of
 Governance and Management (BIGM)


Dr. Krishna Gayen
Sr. Research Fellow
Bangladesh Institute of
Governance & Management

১৯


Dr. Mohammad Tareque
Director
Bangladesh Institute of
Governance and Management (BIGM)



বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স অ্যান্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম)

ই-৩৩, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

পিএবিএক্সঃ ৮৮০-২-২২৩৩৭৪০৪১-৪৪ (এক্সটেনশনঃ ১০২, ১০৬, ১০৭, ১১৪),

ই-মেইলঃ info@bigm.edu.bd

www.bigm.edu.bd


Dr. Krishna Gayer
Sr. Research Fellow
Bangladesh Institute of
Governance & Management

২০


Dr. Mohammad Tareque
Director
Bangladesh Institute of
Governance and Management (BIGM)